

কওমি শিক্ষা সিলেবাস পরিমার্জনের ঘোষণা জামায়াতে ইসলামীর


ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ০৫ ফেব্রুয়ারি ২০২৬, ১২:০২



জামায়াতে ইসলামী আমির ডা. শফিকুর রহমান। ছবি: ফেসবুক

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ঘোষিত নির্বাচনী ইশতেহারে কওমি শিক্ষা সিলেবাস পরিমার্জন এবং ইবতেদায়ি মাদ্রাসাগুলোকে প্রাথমিক বিদ্যালয়ের মতো সরকারি করার প্রতিশ্রুতি দিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

বুধবার (৪ ফেব্রুয়ারি) সন্ধ্যায় রাজধানীর বনানীর হোটেল শেরাটনে আয়োজিত এক অনুষ্ঠানে দলটির আমির ডা. শফিকুর রহমান এই ইশতেহার ঘোষণা করেন।

ইশতেহারে শিক্ষা ব্যবস্থার আধুনিকায়ন, নারী শিক্ষার উন্নয়ন এবং শিক্ষার্থীদের জন্য সুদৃঢ় ঋণের মতো গুরুত্বপূর্ণ বেশ কিছু পরিকল্পনা তুলে ধরা হয়েছে। বৈষম্যহীন ও মানবিক বাংলাদেশ গড়ার অঙ্গীকার নিয়ে ঘোষিত এই ইশতেহারে রাষ্ট্র পরিচালনার ২৬টি অগ্রাধিকার বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে।

শিক্ষাসংক্রান্ত পরিকল্পনায় জামায়াত আমির জানান, তাদের দল সরকার গঠন করলে দেশের ইবতেদায়ি মাদ্রাসাগুলোকে জাতীয়করণ করা হবে, যাতে এগুলো প্রাথমিক বিদ্যালয়ের সমান মর্যাদা ও সুযোগ-সুবিধা পায়। একই সঙ্গে যুগের চাহিদার সঙ্গে সংগতি রেখে কওমি মাদ্রাসার শিক্ষা সিলেবাসে প্রয়োজনীয় পরিমার্জন আনা হবে।

নারী শিক্ষার প্রসারে দলটি বিশেষ গুরুত্বারোপ করেছে এবং প্রতিশ্রুতি দিয়েছে যে, জামায়াত ক্ষমতায় গেলে নারীর সার্বিক পর্যায়ে পর্যায় সমতার বিনা কোনে পান্যশোনা করার সুযোগ পাবেন। এছাড়া শিক্ষা খাতে সব ধরনের দুর্নীতি বন্ধ করা এবং পাঠ্যক্রমে আধুনিকায়ন

উচ্চশিক্ষায় মেধাবী শিক্ষার্থীদের সহায়তায় জামায়াত এক অভিনব অর্থনৈতিক প্রস্তাবনা পেশ করবে।
এক লাখ মেধাবী শিক্ষার্থীকে প্রতি মাসে সর্বোচ্চ ১০ হাজার টাকা করে পাঁচ বছর মেয়াদী সুদমুক্ত

ইশতেহারের প্রথম অংশে জুলাই বিপ্লবের মূল আকাজক্ষা অনুযায়ী একটি শক্তিশালী রাষ্ট্র গঠন
পররাষ্ট্রনীতি, প্রতিরক্ষা ব্যবস্থার আধুনিকায়ন, জ্বালানি খাতের সংস্কার এবং টেকসই অর্থনৈতিক
হয়েছে।

ইশতেহারে আরও অন্তর্ভুক্ত রয়েছে কৃষি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা, মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন এবং পরিবেশ ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় কার্যকর পদক্ষেপ। যুব সমাজের নেতৃত্বে প্রযুক্তি বিপ্লব ঘটানো এবং অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি নারী ও শিশুদের নিরাপত্তা নিশ্চিত করার ওপরও বিশেষ জোর দিয়েছে দলটি।

একটি অন্তর্ভুক্তিমূলক রাষ্ট্র গঠনের লক্ষ্যে জামায়াতে ইসলামী সমাজকল্যাণ ও স্বাস্থ্যসেবার মানোন্নয়নে বড় ধরনের পরিবর্তনের প্রতিশ্রুতি দিয়েছে। দলটির দাবি, এই ২৬ দফা বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে একটি উন্নত ও সমৃদ্ধ রাষ্ট্রে পরিণত করা সম্ভব হবে।